# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## পিরোজপুর-৮৫০০

**স্মারক নং : পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/নিয়োগ (কর্মচারী-অংশ ২)/২০২৩/২৪৩১৩**

তারিখ : ০৩ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | ক্যাশিয়ার<br>বেতন স্কেল: ১২,৫০০-৩০,২৩০/-<br>গ্রেড নং-১১, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | ২ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং-১৬, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ২টি |
| ৩ | ক্যাটালগার<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং-১৬, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | ৪ | প্লাম্বার<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং-১৬, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি |
| ৫ | ইলেকট্রিশিয়ান<br>বেতন স্কেল : ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড নং-১৮, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | ৬ | অফিস সহায়ক<br>বেতন স্কেল : ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড নং-২০, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ৫টি |
| ৭ | বার্তা বাহক<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড নং-২০, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | ৮ | কুক<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড নং-২০, বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি |
| সর্বমোট | | | | | ১৩টি |

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদসমূহের বিপরীতে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইট www.bsmrstup.ac.bd এর CAREER মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ১১/০৩/২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১৬.০২.২৫

(মোঃ রফিকুল আলম)
পরিচালক (অর্থ ও হিসাব)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :

১. পিএস টু ভিসি, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।

# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## পিরোজপুর-৮৫০০

**স্মারক নং : পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/নিয়োগ (কর্মচারী-অংশ ২)/২০২৩/২৪৩১৩**

তারিখ : ০৩ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি (পূর্ণাঙ্গ)

পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর রাজস্ব খাতে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | ক্যাশিয়ার<br>বেতন স্কেল: ১২,৫০০-৩০,২৩০/-<br>গ্রেড নং-১১<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ০১টি | (ক) প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা এর সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে স্নাতক ডিগ্রীর অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটারে (মাইক্রোসফট অফিস, ই-মেইল, ইন্টারনেট ইত্যাদি) প্রশিক্ষণ থাকতে হবে;<br>(গ) কোন পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত বা সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ/ক্যাশের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>বেতন স্কেল :<br>৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং-১৬<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ২টি | (ক) প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা এর সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এইচএসসি পাশ হতে হবে।<br>(খ) প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটারে (মাইক্রোসফট অফিস, ই-মেইল, ইন্টারনেট ইত্যাদি) প্রশিক্ষণ থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ২৫ (পঁচিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার যোগ্যতা আবশ্যক। দাপ্তরিক কাজসহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে দক্ষতা থাকতে হবে। |
| ০৩ | ক্যাটালগার<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং-১৬<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড থেকে যেকোনো বিভাগে এইচএসসি পাশসহ যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বা তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হতে হবে।<br>(গ) প্রার্থীকে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে বেসিক কম্পিউটারে (মাইক্রোসফট অফিস, ই-মেইল, ইন্টারনেট ইত্যাদি) প্রশিক্ষণ থাকতে হবে। দাপ্তরিক কাজসহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে ওপর প্রশিক্ষণ থাকতে হবে। |
| ০৪ | প্লাম্বার<br>বেতন স্কেল : ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড নং-১৬<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | (ক) প্রার্থীকে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা এর সমতুল্য জিপিএসহ কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হতে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হতে হবে এবং<br>(খ) যে কোন স্বীকৃত বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং বিষয়ে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৫ | ইলেকট্রিশিয়ান<br>বেতন স্কেল : ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড নং-১৮<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হতে হবে।<br>(খ) যে কোন স্বীকৃত বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেট থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৬ | অফিস সহায়ক<br>বেতন স্কেল : ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড নং-২০,<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ৫টি | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হতে হবে। কম্পিউটার ব্যবহার ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৭ | বার্তা বাহক<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড নং-২০<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ হতে হবে। |

# পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## পিরোজপুর-৮৫০০

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| | | | (খ) প্রার্থীর হাতের লেখা সুন্দর হতে হবে। প্রার্থীকে বাইসাইকেল/মটরসাইকেল চালনায় দক্ষতা থাকতে হবে। মটর সাইকেল লাইসেন্স ধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৮ | কুক<br>বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০/-<br>গ্রেড নং-২০<br>বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। | ১টি | (ক) প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/সমমান পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>অথবা<br>(খ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কমপক্ষে ৮ম শ্রেণী বা এর সমতুল্য পরীক্ষায় পাশ হতে হবে। |

আগ্রহী প্রার্থীগণকে উল্লিখিত পদের বিপরীতে পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর ওয়েবসাইট **www.bsmrstup.ac.bd** এর **CAREER** মেন্যুতে সংরক্ষিত আবেদন ফরম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং শর্তাবলি (পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি) এর আলোকে আগামী ১১ মার্চ ২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

**নিয়োগের শর্তাবলি :**

১. ক্রমিক ১ এর পদের আবেদন ফি বাবদ ১৫০.০০ টাকা, ক্রমিক ২-৪ এর পদের জন্য আবেদন ফি বাবদ ১০০.০০ টাকা এবং ক্রমিক ৫-৮ এর আবেদন ফি বাবদ ৫০.০০ টাকা "উপাচার্য, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" শিরোনামে জনতা ব্যাংক লি:, পিরোজপুর শাখা, পিরোজপুর এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে;

২. প্রার্থীর বয়সসীমা ১৭/০২/২০২৫ তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হতে হবে;

৩. আবেদনপত্রের সাথে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, স্থায়ী নাগরিকত্বের সনদপত্র ও অন্যান্য কাগজপত্রের সত্যায়িত অনুলিপির পূর্ণাঙ্গ ২ (দুই) সেট এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে;

৪. খামের উপরে সংশ্লিষ্ট পদের নাম ও নিজ ঠিকানা উল্লেখ করতে হবে;

৫. আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে উপাচার্য, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর সদর-৮৫০০ বরাবর সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে;

৬. অভিজ্ঞতা বলতে সরকারি/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা বুঝাবে;

৭. কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

৯. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্র/টেলিফোন/এসএমএস/ই-মেইল-এর মাধ্যমে জানানো হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১০. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে মূল সনদপত্র ও সংশ্লিষ্ট মূল কাগজ পত্রসহ উপস্থিত থাকতে হবে;

১১. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না;

১২. যে কোন ধরনের তদবির প্রার্থীদের অযোগ্যতা বলে বিবেচিত হবে;

১৩. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সংক্রান্ত শর্ত শিথিলযোগ্য;

১৪. কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসৃত হবে;

১৫. কোন ধরনের মিথ্যা বা অসত্য তথ্য দিয়ে চাকরি গ্রহণ করলে যেকোন পর্যায়ে চাকরি হতে অপসারিত হতে হবে;

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

১৬.০২.২৫

(মোঃ রফিকুল আলম)
পরিচালক (অর্থ ও হিসাব)
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি (অবগতি ও কার্যার্থে) :

১. পিএস টু ভিসি, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য);

২. অফিস কপি/মাস্টার কপি/নোটিশ বোর্ড।